

‘আত্মকর্মী যুব শক্তি, টেকসই উন্নয়নের মূলভিত্তি’

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

মহাপরিচালকের কার্যালয়

যুব উন্নয়ন অধিদপ্তর, যুব ভবন

১০৮, মতিঝিল বা/এ, ঢাকা-১০০০।

www.dyd.gov.bd

স্মারক নং-৩৪.০১.০০০০.০২৮.৪৮.০০৯.১৬-২২৮

তারিখঃ- ১১-০৫-২০১৭ খ্রিঃ

বিষয়ঃ- আত্মকর্মী সৃজন বিষয়ে যুব ও ক্রীড়া মন্ত্রণালয় সম্পর্কিত স্থায়ী কমিটির নির্দেশনা বাস্তবায়ন প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, গত ০৩/০৫/২০১৭ খ্রিঃ তারিখে যুব ও ক্রীড়া মন্ত্রণালয় সম্পর্কিত স্থায়ী কমিটির সম্মানিত সভাপতি ও সকল সদস্য যুব উন্নয়ন অধিদপ্তরের প্রধান কার্যালয়ে উপজেলা পর্যায়ে প্রশিক্ষণ কর্মসূচী জোরদার করণ প্রকল্পের সার্বিক কার্যক্রমের ওপর আয়োজিত ওয়ার্কশপে উপস্থিত থেকে অধিদপ্তরের সার্বিক কর্মকাণ্ড বিশেষ করে আত্মকর্মী সৃজন ও এসম্পর্কিত ইলেকট্রনিক তথ্য সংরক্ষণ ব্যবস্থা (ডাটাব্যাজ তৈরী) নিয়ে বিস্তারিত আলোচনা করেন। আলোচনায় জেলা/উপজেলা হতে আত্মকর্মী সৃজনের অগ্রগতির বিষয়ে যে তথ্য দেখানো হয়েছে তা যাচাই করার বিষয়ে একমত পোষন করা হয় এবং সিদ্ধান্ত গৃহীত হয় যে ;

(ক) প্রাথমিকভাবে স্থায়ী কমিটির মাননীয় সদস্যের নির্বাচনী এলাকায় (উপজেলাসমূহে) আত্মকর্মীদের তথ্যের সঠিকতা তাঁরা নিজেরা যাচাই করবেন। এলক্ষ্যে পরবর্তী ০৭দিনের মধ্যে আত্মকর্মীদের তালিকা (জোরদারকরণ প্রকল্পের ছক মাফিক) উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তাগণ স্ব-স্ব মাননীয় সংসদ সদস্যের নিকট পাঠাবেন। মাননীয় সদস্যগণ তাদের বিবেচনামত তথ্য যাচাই করবেন।

(খ) একই সাথে অন্যান্য উপজেলার তালিকাও ১৫ দিনের মধ্যে প্রস্তুত রাখতে হবে যাতে যুব ও ক্রীড়া মন্ত্রণালয় সম্পর্কিত স্থায়ী কমিটির অনুরোধক্রমে অন্যান্য মাননীয় সংসদ সদস্যগণ স্ব-স্ব নির্বাচনী এলাকায় (উপজেলায়) আত্মকর্মীদের তথ্যের সঠিকতা যাচাই করতে পারেন।

(গ) প্রতিটি উপজেলায় ৩১/০৫/২০১৭ খ্রিঃ তারিখের মধ্যে স্ব-স্ব উপজেলা ওয়েবপোর্টালে প্রশিক্ষণপ্রাপ্ত যুব ও আত্মকর্মী যুবদের তালিকা (মোবাইল নম্বরসহ) আপলোড করতে হবে এবং জেলা পোর্টালের সাথে যোগসূত্র স্থাপনের ব্যবস্থা নিতে হবে।

২। বিগত দুই বছরেরও বেশী সময় ধরে প্রধান কার্যালয় হতে একাধিক পত্রালাপ এবং আঞ্চলিক কর্মশালাগুলোর মাধ্যমে আত্মকর্মী সৃজন প্রক্রিয়াকে সুসংহত ও যৌক্তিকতায় উন্নীত করার লক্ষ্যে অব্যাহত প্রয়াস চালানো হচ্ছে। আলোচ্য কর্মশালার সিদ্ধান্তসমূহ গৃহীত প্রয়াসের পক্ষে প্রত্যক্ষ সমর্থন জোগায়। বলা বাহুল্য নির্দেশনা মাফিক অধিক দায়িত্বশীলতা ও নিষ্ঠার সাথে জনবলভিত্তিক গুণগতমান সম্পন্ন আত্মকর্মীসংস্থান সৃজনের বিকল্প নাই। একাধিক অংশ হিসাবে আত্মকর্মীদের তালিকা ম্যানুয়েল পদ্ধতির পাশাপাশি ওয়েবসাইটে আপলোডের উদ্যোগও পূর্বেই গ্রহণ করা হয়েছে এবং বেশ কিছু অগ্রগতিও অর্জিত হয়েছে। তবে বাকী কাজ পরামর্শ ও নির্দেশনা মোতাবেক ৩০/০৬/২০১৭ খ্রিঃ তারিখের মধ্যে বাধ্যতামূলকভাবে শেষ করতে হবে। প্রতিটি প্রশিক্ষণ ব্যাচের প্রশিক্ষণার্থীদের বিভিন্ন সম্ভাবনা (potentialities) যাচাই করে (নির্দেশ মাফিক) ব্যাচভিত্তিক পান্ডুলিপি প্রস্তুতপূর্বক পরবর্তী কার্যক্রম পরিচালনার ব্যবস্থা নিতে হবে।

৩। অধিদপ্তরের কর্মসূচী (প্রশিক্ষণ, ঋণ ও অন্যান্য) উপজেলার প্রতিটি গ্রামে সম্প্রসারণের লক্ষ্যে সমগ্র উপজেলাকে ম্যাপিং (গ্রামের নাম তালিকাভুক্ত করে ক্রমিক নম্বর প্রদান) করে ক্ষুদ্র ঋণ কার্যনির্দেশিকায় পরিবারভিত্তিক অংশে অনুচ্ছেদ ৬.১ অনুসরণে পর্যায়ক্রমে প্রতিটি গ্রামকে কর্মসূচীর আওতায় নিয়ে আসতে হবে। প্রতিবছরের কর্মপরিকল্পনা প্রণয়ন কালে উপজেলা সদরের কাছাকাছি গ্রামের পরিবর্তে তুলনামূলক দূরের গ্রামকে কর্মসূচীভুক্ত করার লক্ষ্যকে প্রাধান্য দিয়ে গ্রাম নির্বাচন করতে হবে। এপ্রক্রিয়ায় একবার উপজেলার সকল গ্রাম কভার করার পর পরবর্তী সাইকেল শুরু করতে হবে। একই সাথে সংযুক্ত ছকে প্রতিবছর জানুয়ারী ও জুলাই মাসের ১৫ তারিখের মধ্যে উপজেলায় কর্মসূচীর মাধ্যমে গ্রাম কভারেজের তথ্য দারিদ্র্য বিমোচন ও ঋণ শাখায় প্রেরণ পূর্বক প্রশিক্ষণ শাখায় একটি অনুলিপি প্রদান করতে হবে।

বিষয়টি অতি জরুরী।

(আনোয়ারুল করিম)

মহাপরিচালক

ফোনঃ ৯৫৫৯৩৮৯

E-mail-dgdydhq@gmail.com

১। উপ-পরিচালক, যুব উন্নয়ন অধিদপ্তর,.....(সকল) জেলা।

২। উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, যুব উন্নয়ন অধিদপ্তর -----উপজেলা ----- জেলা।

বিতরণঃ

১। কম্পিউটার প্রোগ্রামার যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা। তাকে আদেশটি ওয়েবসাইটে প্রকাশ করার জন্য অনুরোধ করা হলো।

২। অফিস কপি।

প্রশিক্ষণ ও ঋণ কার্যক্রমের মাধ্যমে গ্রাম কভারেজ প্রতিবেদনের নমুনা ছকঃ

জেলার নামঃ-----

বছরঃ-----১ম ৬মাস/২য় ৬ মাস ও মোট

ক্রমিক নং	উপজেলার নাম	মোট গ্রামের সংখ্যা	চলমান বছরের ১ম ৬ মাসে অগ্রগতি(গ্রাম সংখ্যা)		বছরের মোট অগ্রগতি (গ্রাম সংখ্যা)		ক্রমপুঞ্জিত মোট অগ্রগতি (গ্রাম সংখ্যা)		মন্তব্য
			প্রশিক্ষণ	ঋণ	প্রশিক্ষণ	ঋণ	প্রশিক্ষণ	ঋণ	
০১									
০২									
০৩									
০৪									
মোট									